

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

স্মারকনং: ১২.০১.০০০০.০০০.১৪.০০২.২০/৬২৬ (৬২৬)

তারিখঃ ০২/০৪/২০২৪খ্রিঃ

বিষয়ঃ উন্নয়ন সহায়তায় প্রাপ্ত কস্বাইন হারভেস্টার স্থানান্তর প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি বোরো মৌসুমে ফসল কর্তন অচিরেই শুরু হবে। বন্যা, জলোচ্ছাস, অতিবৃষ্টি ও শিলাবৃষ্টিতে ফসলের ক্ষয়ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকে। খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে চলতি বোরো মৌসুমে ফসল সংগ্রহ অত্যন্ত দক্ষতার সাথে সম্পন্ন করতে হবে।

এ প্রেক্ষাপটে বোরো ফসল দ্রুততার সাথে সংগ্রহের সুবিধার্থে আপনার উপজেলায় উন্নয়ন সহায়তায় প্রাপ্ত কস্বাইন হারভেস্টার নিম্নোক্ত শর্তসাপেক্ষে স্থানান্তরের জন্য বলা হলো।

- ১। পিক সিজনে ধান কর্তন করার জন্য উন্নয়ন সহায়তায় প্রাপ্ত কস্বাইন হারভেস্টার জেলার অভ্যন্তরে স্থানান্তরের ক্ষেত্রে যে উপজেলায় গমন করবে তা উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসার প্রত্যয়নপত্র প্রদান করবেন।
- ২। অন্য জেলায় স্থানান্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসার জেলার উপপরিচালক মহোদয়কে অবগত করে প্রত্যয়নপত্র প্রদান করবেন।
- ৩। প্রত্যয়নপত্র মোতাবেক কাঙ্ক্ষিত উপজেলায় গমনের পর যন্ত্র মালিক উপজেলা কৃষি অফিসারকে আগমনী বার্তা প্রদান করবেন।
- ৪। পিক সিজনে ধান কর্তন শেষে যন্ত্র মালিক উপজেলা কৃষি অফিসার থেকে ছাড়পত্র গ্রহণ করবেন এবং তার নিজ উপজেলা কৃষি অফিসারকে আগমনী বার্তা প্রদান করবেন।

দেশের বিভিন্ন অঞ্চলে বোরো মৌসুমের ফসল কর্তনের সময় ভিন্ন ভিন্ন হওয়ায় প্রয়োজনের তাগিদে কস্বাইন হারভেস্টার যন্ত্রের ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে উল্লেখিত ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

উপজেলা কৃষি অফিসার

.....উপজেলা।

.....জেলা।

(তারিক মাহমুদুল ইসলাম)

প্রকল্প পরিচালক

ফোনঃ ০২-৫৫০২৮৪২৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..... অঞ্চল(সকল)।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..... জেলা (সকল)।
- ৫। মনিটরিং এন্ড ইভালুয়েশন অফিসার, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প, ডিএই, ঢাকা ও সংযুক্তি উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..... জেলা।